মাননীয়
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ
১/এ নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।

**বিষয়ঃ ভিএনএসসি এর মূল শাখাসহ বসুন্ধরা, ধানমন্ডি ও আজিমপুর শাখার বিভিন্ন সমস্যার সমাধান এবং ছাত্রীদের অভিভাবকগণ কর্তৃক পর্যায়ক্রমে উক্ত বিষয়গুলো তদারকি করার অনুমতিদানের জন্য আবেদন।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শণপূর্বক বিনীত নিবেদন এই যে, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এর মূল শাখাসহ বসুন্ধরা, ধানমন্ডি ও আজিমপুর শাখার অপরিচ্ছন্ন ও ব্যবহার অযোগ্য টয়লেট, স্কুল সময়ে ট্যাপে পানি না থাকা, ক্লাসরুমের অধিকাংশ ফ্যান নষ্ট বা ধীর গতিতে ঘোরা, বিদ্যুৎ চলে গেলে জেনারেটর না চালিয়েও ছাত্রীদের নিকট হতে জেনারেটর বিল আদায় করা, ম্যাগাজিন না দিয়েও ছাত্রীদের নিকট হতে ম্যাগাজিন বিল আদায় করা, সিলেবাস ও ডায়রি সঠিক সময়ে না দেয়া, বছরের শুরুতেই আইডি কার্ড না দেয়া, পর্যাপ্ত সময় না রেখে অন্তিম সময়ে বা গভীর রাতে বিভিন্ন বিষয়ে নোটিশ প্রদান করা, স্কুলের ডেকোরেশনগুলো সুন্দর এবং বিল্ডিংগুলো নিয়মিত রং না করা, আজিমপুর শাখাসহ অন্যান্য সকল শাখার সামনের রাস্তাগুলো জ্যাম মুক্ত করার ব্যবস্থা না করা, ছাত্রীদের জন্য সেনিট্যারি ন্যাপকিন এর ব্যবস্থা না করা, পর্যাপ্ত সিসি ক্যামেরার ব্যবস্থা না করা, বসুন্ধরা, ধানমন্ডি ও আজিমপুর শাখায় খেলার মাঠের ব্যবস্থা না করা, বিভিন্ন পরিক্ষা ও অনুষ্ঠানসহ নিয়মিত স্কুলে প্রবেশ/ছুটির সময় নির্দিষ্ট শ্রেণি জন্য নির্দিষ্ট গেট দিয়ে সুশৃঙ্খলভাবে প্রবেশ ও বাহির হওয়ার ব্যবস্থা না করা, শ্রেণি শিক্ষক/শিক্ষিকাগণ কর্তৃক বাচ্চাদের/ছাত্রীদের ডায়রি ও খাতা (সঠিকভাবে লিখলো কিনা তা) চেক না করা, শ্রেণি শিক্ষক/শিক্ষিকাগণ কর্তৃক বাচ্চাদের/ছাত্রীদের সাথে খারাপ/রূঢ় ব্যবহার করাসহ বিভিন্ন সমস্যার বিষয়ে অসংখ্যাবার অভিভাবক মির্টিংসহ বিভিন্নভাবে অভিযোগ করা হলেও অদ্যবধি উক্ত সমস্যাসমূহের কোনো সমাধান পাওয়া যায়নি। ফলে সকল শাখার অভিভাবকদের মধ্যে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ সম্পর্কে বিরুপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে যা বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ছে। যা ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এর মতো একটি স্বনামধন্য প্রতিষ্ঠানের জন্য শুভকর নয়। বিভিন্ন মিডিয়ায় সমস্যাগুলো প্রচার ও প্রকাশের আগেই দ্রুততম সময়ের মধ্যে সমস্যাগুলো সমাধানের সুবিধার্তে সমস্যাগুলোর বিষয়ে বিস্তারিত বিবরণ এবং দ্রূত সমাধানের বিষয়ে অভিভাকদের মতামত অত্রসাথ সংযুক্ত করা হলো(সংযুক্তি-১)।

এমতাবস্থায়, দ্রুততম সময়ের মধ্যে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এর মূল শাখাসহ বসুন্ধরা, ধানমন্ডি ও আজিমপুর শাখার আলোচ্য সমস্যাগুলো সমাধান করার জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি। পাশাপাশি ভবিষ্যতে ছাত্রী/অভিভাবকগণকে যাতে আলোচ্য সমস্যাগুলোর বিষয়ে কোনো অভিযোগ করতে না হয় সে লক্ষ্যে ছাত্রীদের অভিভাবকগণ কর্তৃক উক্ত বিষয়গুলো পর্যায়ক্রমে (প্রতিদিন দুই/তিন জন অভিভাবক) তদারকি করার অনুমতিদানের জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।

বিনীত
(অভিভাবকদের স্বাক্ষরিত সীট সংযুক্ত)
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এর শাখার অভিভাবকবৃন্দ।

অনুলিপি (কার্যার্থে): শাখা প্রধান (মূলশাখা / বসুন্ধরা শাখা / আজিমপুর শাখা / ধানমন্ডি শাখা)।

**[কিছু বাদ পরেনিতো? বাদ পরে থাকলে বা সংশোধন/সংযোজন থাকলে জানান এই নাম্বারের (01719245110) হোয়াটসঅ্যাপে। অগ্রীম ধন্যবাদ রইলো। সংযুক্তিগুলো পরে দেয়া হবে ইনশা-আল্লাহ্।]**

| ক্রমিক নং | অভিভাবকের নাম | মোবাইল নাম্বার | অভিভাবকের ধরণ | শাখা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মোঃ আক্কাছ আলী | 01719245110 | প্রাথমিক শাখা | বসুন্ধরা | |
| ২। | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |
| ৫ | | | | | |
| ৬ | | | | | |
| ৭ | | | | | |
| ৮ | | | | | |
| ৯ | | | | | |
| ১০ | | | | | |
| ১১ | | | | | |
| ১২ | | | | | |
| ১৩ | | | | | |
| ১৪ | | | | | |
| ১৫ | | | | | |
| ১৬ | | | | | |
| ১৭ | | | | | |
| ১৮ | | | | | |
| ১৯ | | | | | |
| ২০ | | | | | |
| ২১ | | | | | |
| ২২ | | | | | |
| ২৩ | | | | | |
| ২৪ | | | | | |
| ২৫ | | | | | |
| ২৬ | | | | | |
| ২৭ | | | | | |
| ২৮ | | | | | |
| ২৯ | | | | | |
| ৩০ | | | | | |
| ৩১ | | | | | |
| ৩২ | | | | | |
| ৩৩ | | | | | |
| ৩৪ | | | | | |
| ৩৫ | | | | | |

কিছু বাদ পরেনিতো? বাদ পরে থাকলে বা সংশোধন/সংযোজন থাকলে জানান এই নাম্বারের (01719245110) হোয়াটসঅ্যাপে। অগ্রীম ধন্যবাদ রইলো। সংযুক্তিগুলো পরে দেয়া হবে ইনশা-আল্লাহ্‌।